বাংলাদেশ শিপিং কর্পোরেশন
চট্টগ্রাম
যুগ্ম-নিরীক্ষক নিয়োগ।

বাংলাদেশ শিপিং কর্পোরেশন(বিএসসি) এর ২০২৬-২০২৭খ্রি.অর্থ বছরের আর্থিক প্রতিবেদন নিরীক্ষার নিমিত্ত চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস(সিএ)প্রতিষ্ঠানসমূহের নিকট হতে নিম্নোক্ত নিয়ম-নীতি প্রতিপালনপূর্বক প্রস্তাব আহ্বান করা যাচ্ছে:

১। কেবল **(ICAB), FRC(Financial Reporting Council)** ও বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর তালিকাভুক্ত (হালনাগাদ তালিকাভুক্ত সনদ দাখিল সাপেক্ষে) সিএ প্রতিষ্ঠানদ্বয় যুগ্মভাবে তাঁদের প্রস্তাব দাখিল করবেন। নিয়োগ প্রক্রিয়াকরণের সুবিধার্থে প্রচলিত-বিধি মোতাবেক ০২টি অংশীদারী সিএ প্রতিষ্ঠানদ্বয়-কে যুগ্ম-নিরীক্ষক হিসেবে ০১ (এক) বছরের জন্য নিয়োগ দেয়া হবে।

০২। বিএসসি শেয়ার বাজারে তালিকাভুক্ত একটি সরকারি প্রতিষ্ঠান। তাই সরকারি ও নিয়ন্ত্রক সংস্হাসমূহের আইন ও নিয়ম-কানুন মোতাবেক সংস্হার মূল অফিস এবং প্রয়োজনে শাখা অফিসসমূহে নিরীক্ষাকার্য সম্পাদন করতে হবে। ৩০শে জুন,২০২৭ তারিখে প্রধান কার্যালয় ও শাখা অফিসসমূহের নগদ তহবিলসহ সকল সম্পদ ও মজুদ ভান্ডার সরেজমিনে যাচাই করতে হবে এবং নিরীক্ষা কার্যক্রম আগস্ট,২০২৭খ্রি.তারিখের মধ্যে সমাপ্ত হতে হবে।

০৩। বিএসসি একটি আর্ন্তজাতিক প্রতিষ্ঠান বিধায় এর নিরীক্ষা সম্পন্ন করার জন্য প্রতিটি প্রতিষ্ঠানের অংশীদারগণ ছাড়াও ন্যূনতম ০৪(চার) জন করে নিরীক্ষক/আর্টিক্যাল ছাত্রদের তালিকা দাখিল করতে হবে।

০৪। উভয় প্রতিষ্ঠানদ্বয়ের যুগ্ম-নিরীক্ষা ফি প্রস্তাবে একই অংকে উল্লেখ করতে হবে। নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন সংশ্লিষ্ট বার্ষিক সাধারণ সভায় অনুমোদন লাভের পর এ সংক্রান্ত ফি সমভাবে বিভাজ্য হারে বিদ্যমান আয়কর ও মূসক বাদে পরিশোধ করা হবে। নিরীক্ষা ফি'র বাহিরে সংস্থার অন্য কোনরুপ সুবিধা প্রদান করবে না।

০৫। সরকারি ও শেয়ার বাজারে তালিকাভুক্ত প্রতিষ্ঠানের সাম্প্রতিক নিরীক্ষা কাজের অভিজ্ঞতা, সিএ প্রতিষ্ঠানের শাখা, সিএ ও আর্টিক্যাল ছাত্রের সংখ্যা ইত্যাদির ভিত্তিতে সংক্ষিপ্ত তালিকা তৈরী করা হবে।

০৬। কোন প্রতিষ্ঠান বা ফার্ম কর্তৃক একক ভাবে দাখিলকৃত প্রস্তাব বাতিল বলে গণ্য হবে।

০৬। **REOI** ডকুমেন্ট বিএসসি'র প্রধান কার্যালয় চট্টগ্রাম ও আঞ্চলিক কার্যালয় ঢাকা হতে অফিসকালীন সময়ে বিনামূল্যে সংগ্রহ করা যেতে পারে। এতদ্‌সংক্রান্ত ডকুমেন্টস বিএসসি'র ওয়েবসাইট হতে সংগ্রহ করা যেতে পারে(**WWW.BSC.GOV.BD**) ।

০৭। বর্ণিত নির্দেশনা অনুসারে প্রস্তাব যথাযথভাবে চিহ্নিত খামে সীলগালা করে ২৮-০৬-২০২৬খ্রি.তারিখে ১২.০০ ঘটিকার মধ্যে বাংলাদেশ শিপিং কর্পোরেশন,সল্টগোলা রোড,চট্টগ্রাম-এর বিএসসি ভবনের ৪র্থ তলায় হিসাব বিভাগের রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে। কমিটি কর্তৃক প্রাপ্ত প্রস্তাবসমূহ একই তারিখে ১২.৩০ঘটিকায় উপস্হিত প্রস্তাব দাতাদের সামনে (যদি কেহ থাকেন) খোলা হবে।

০৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল বা যে কোন প্রস্তাব গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

স্বাক্ষরিত(-------------)
মহাব্যবস্হাপক(হিসাব)
বাংলাদেশ শিপিং কর্পোরেশন
বিএসসি ভবন,সল্টগোলা রোড,
চট্টগ্রাম।
ফোন: ০৩১-৭১০১৪৯

Bangladesh Shipping Corporation
Accounts Department

CamScanner